

সৃজনশীল বাংলাদেশ




বাংলাদেশ শিল্পকলা একাডেমি
সেগুনবাগিচা, রমনা, ঢাকা।

জেলা শিল্পকলা একাডেমি মহড়াকক্ষ বরাদ্দের নীতিমালা

০১. জেলা শিল্পকলা একাডেমির নিজস্ব অনুষ্ঠানাদি এবং সঙ্গীত, নৃত্য, আবৃত্তি ও নাটক চর্চাকারী সংগঠনগুলোকে মহড়া করার জন্য জেলা শিল্পকলা একাডেমির মহড়াকক্ষ বরাদ্দ দেয়া যাবে।
০২. বহুমুখী সংস্কৃতিচর্চার বিভিন্ন প্রশিক্ষণমূলক কার্যক্রমের জন্য মহড়াকক্ষ সর্বোচ্চ ৭ দিন পর্যন্ত বরাদ্দ দেয়া যাবে।
০৩. মহড়াকক্ষ বরাদ্দ পাবার জন্য ন্যূনতম ১০ দিন পূর্বে একাডেমি থেকে নির্ধারিত ফরম সংগ্রহ ও পূরণ করে কালচারাল অফিসার বরাবর জমা দিতে হবে।
০৪. মহড়াকক্ষ প্রতিদিন ২ শিফট হিসেবে ব্যবহার করা যাবে। প্রতি শিফট ব্যবহারের সময়কাল সকাল ১০টা থেকে বেলা ২টা এবং বিকেল ৪টা থেকে রাত ৮টা পর্যন্ত।
০৫. মহড়াকক্ষ ভাড়ার হার: শিফট ১০০/- (একশত) টাকা। ৩০০ (তিনশত) টাকা জামানত (ফেরৎ যোগ্য)। সর্বক্ষেত্রে ভাড়ার অর্থের সাথে সরকারি নিয়মানুযায়ী ভ্যাট প্রযোজ্য হবে।
০৬. প্রাথমিকভাবে বরাদ্দ অনুমোদন হলে পত্র প্রাপ্তির ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ভাড়ার অর্থ নগদে অথবা পে-অর্ডারের মাধ্যমে জমা দিয়ে কালচারাল অফিসার অথবা অফিস সহকারী থেকে জমা রশিদের মাধ্যমে চূড়ান্ত বরাদ্দপত্র সংগ্রহ করতে হবে।
০৭. যথাসময়ে কোন সংগঠন মহড়া কক্ষ বরাদ্দ বাতিল করার আবেদন না করলে জামানত ব্যতীত সকল অর্থ বাজেয়াপ্ত করা হবে।
০৮. মহড়া কক্ষে কোন প্রকার ধূমপান, মাদকদ্রব্য ব্যবহার, নৈতিক শিষ্টাচার বহির্ভূত কার্যক্রম করা যাবে না।
০৯. মহড়া কক্ষ ব্যবহারকালে এর সার্বিক নিরাপত্তা ব্যবস্থা আয়োজক প্রতিষ্ঠান কর্তৃক নিশ্চিত করতে হবে।
১০. মহড়াকক্ষ বরাদ্দের বিষয়ে কালচারাল অফিসার চূড়ান্ত সিদ্ধান্ত দিবেন।
১১. একাডেমির অথবা রাষ্ট্রীয় প্রয়োজনে যে কোন সময় বরাদ্দ বাতিল করার ক্ষমতা জেলা শিল্পকলা একাডেমি কর্তৃপক্ষ সংরক্ষণ করে। সে ক্ষেত্রে আয়োজক প্রতিষ্ঠান জমাকৃত সকল অর্থ ফেরৎ পাবেন।
১২. মহড়াকক্ষ ভাড়া গ্রহণকারীর এখতিয়ার বহির্ভূত কোন দৈব দুর্বিপাক, রাজনৈতিক বা সামাজিক অচলাবস্থা ইত্যাদি কারণে নির্ধারিত দিন ও সময়ে মহড়া শুরু করা সম্ভব না হলে ভাড়া গ্রহীতা ব্যক্তি/ প্রতিষ্ঠান পরবর্তী দিন অথবা মহড়াকক্ষ খালি থাকা সাপেক্ষে পরবর্তী অন্য কোন দিন মহড়া করতে পারবে।
১৩. মহড়া কক্ষ ভাড়া গ্রহণকারী ব্যক্তি/ প্রতিষ্ঠান এর মহড়া চলাকালীন মহড়া কক্ষের কোন প্রকার ক্ষতিসাধিত হলে বা কোন কিছু খোয়া/ হারানো গেলে তার ক্ষতিপূরণ প্রদান করতে হবে।
১৪. মহড়া কক্ষ ভাড়া গ্রহণ করে রাষ্ট্রীয় ভাবমূর্তি ক্ষুণ্ণ হয় এরূপ কোন কর্মকাণ্ড পরিচালনা করা যাবে না।
১৫. এ নীতিমালায় বিধৃত হয়নি, অথচ তা প্রয়োজন, এমন কিছু পরে উদ্ঘাটিত হলে জেলা শিল্পকলা একাডেমির প্রস্তাবনায় বাংলাদেশ শিল্পকলা একাডেমির পরিষদের অনুমোদনক্রমে তা এ নীতিমালায় সংযোজন করা যাবে।

সংযুক্তি : বরাদ্দের আবেদনের ফরম।

বাংলাদেশ শিল্পকলা একাডেমী পরিষদের ১০৯তম সভার অনুমোদনক্রমে


লিয়াকত আলী লাকী
মহাপরিচালক
বাংলাদেশ শিল্পকলা একাডেমি

সৃজনশীল বাংলাদেশ



জেলা শিল্পকলা একাডেমি

মহড়াকক্ষ বরাদ্দের আবেদন ফরম

(মহড়াকক্ষ পরবর্তী মাসে বরাদ্দ পাবার জন্য পূর্ববর্তী মাসের ১৫ তারিখের মধ্যে নির্ধারিত আবেদন ফরম পূরণ করে জমা দিতে হবে)

| | | | | | | | |
|---|--|---|-------------------------------------|--|-----------|------|--------------------|
| ১. আবেদনকারী/ আবেদনকারী সংগঠনের নাম | : | ----- | | | | | |
| ২. ঠিকানা | : | ----- | | | | | |
| ৩. টেলিফোন/ মোবাইল নম্বর ও ইমেইল | : | ----- | | | | | |
| ৪. সংগঠন প্রধানের নাম পদবী ঠিকানা | : | ----- | | | | | |
| টেলিফোন ও মোবাইল নম্বর | : | ----- | | | | | |
| ৫. মহড়ার ধরন/ প্রকৃতি | : | <table border="1"><tr><td>সঙ্গীত/ গীতিনাট্য</td><td>নৃত্য/ নৃত্যনাট্য</td><td>প্রশিক্ষণ</td><td>নাটক</td><td>অন্যান্য বিবরণ দিন</td></tr></table> | সঙ্গীত/ গীতিনাট্য | নৃত্য/ নৃত্যনাট্য | প্রশিক্ষণ | নাটক | অন্যান্য বিবরণ দিন |
| সঙ্গীত/ গীতিনাট্য | নৃত্য/ নৃত্যনাট্য | প্রশিক্ষণ | নাটক | অন্যান্য বিবরণ দিন | | | |
| ৬. মহড়ার তারিখ | : | ----- | | | | | |
| ৭. শিফট | : | <table border="1"><tr><td>প্রথম শিফট সকাল ১০ হইতে ২টা পর্যন্ত</td><td>দ্বিতীয় শিফট বিকেল ৫টা হইতে রাত ৯টা পর্যন্ত</td></tr></table> | প্রথম শিফট সকাল ১০ হইতে ২টা পর্যন্ত | দ্বিতীয় শিফট বিকেল ৫টা হইতে রাত ৯টা পর্যন্ত | | | |
| প্রথম শিফট সকাল ১০ হইতে ২টা পর্যন্ত | দ্বিতীয় শিফট বিকেল ৫টা হইতে রাত ৯টা পর্যন্ত | | | | | | |

কালচারাল অফিসার
জেলা শিল্পকলা একাডেমি

.....

জেলা শিল্পকলা একাডেমি মহড়াকক্ষ ব্যবহারের জন্য সংশ্লিষ্ট আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে জমা দেয়া হলো। মহড়াকক্ষ বরাদ্দ নীতিমালার আলোকে এ মর্মে অঙ্গীকার করছি যে, আবেদন পত্রে বিভিন্ন কলামে পূরণকৃত সকল বিষয় ও তথ্য সম্পূর্ণ সত্য। উপস্থাপিত বিষয় ও তথ্য ছাড়া অন্য কোন বিষয় বা তথ্য জেলা শিল্পকলা একাডেমি কর্তৃপক্ষ জানতে চাইলে তা জানাতে এবং মহড়াকক্ষ ব্যবহারের সকল শর্ত মানতে বাধ্য থাকবো।

আবেদন ফরমে প্রদত্ত তথ্যের আলোকে উক্ত মহড়াকক্ষ আমাদের প্রতিষ্ঠানের অনুকূলে বরাদ্দ প্রদানের অনুরোধ জানাচ্ছি।

স্বাক্ষর : -----
নাম : -----
পদবী : -----
মোবাইল : -----
তারিখ : -----